# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৯৭

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১১৩. যে ব্যক্তি বলে, মুস্তাহাযা দুই তুহরের মাঝখানে একবার গোসল করবে তার প্রসঙ্গে

باب مَنْ قَالَ تَغْتَسِلُ مَنْ طُهْرٍ إِلَى طُهْرٍ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرِ بْنِ زِيَادٍ، قَالَ أَنْبَأَنَا ح، وَأَخْبَرَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا شَرِيكٌ، عَنْ أَبِي الْيَقْظَانِ، عَنْ عَدِيِّ بْنِ ثَابِتٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي الْمُسْتَحَاضَةِ " تَدَعُ الصَّلاَةَ أَيَّامَ أَقْرَائِهَا ثُمَّ تَغْتَسِلُ وَتُصَلِّي وَالْوُضُوءُ عِنْدَ كُلِّ صَلاَةٍ "

- صحيح

قَالَ أَبُو دَاوُدَ : زَادَ عُثْمَانُ " وَتَصُومُ وَتُصَلِّي "

বাংলা

২৯৭। ’আদী ইবনু সাবিত হতে তার পিতা থেকে তার দাদার সূত্রে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুস্তাহাযা সম্পর্কে বলেছেনঃ হায়িযের দিনগুলোতে সে সালাত ত্যাগ করবে, তারপর গোসল করে সালাত আদায় করবে এবং প্রত্যেক সালাতের জন্য অযু করবে। [1]

সহীহ।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, ’উসমান তার বর্ণনায় বলেন, সে সিয়াম পালন ও সালাত আদায় করবে।

## English

Narrated Grandfather of Adi ibn Thabit ?:

The Prophet (ﷺ) said about the woman having a prolonged flow of blood: She should abandon prayer during her menstrual period: then she should take a bath and pray. She should perform ablution for every prayer.

Abu Dawud said: 'Uthman added: She should keep fast and pray.

### ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মুস্তাহাযা প্রত্যেক সালাতের জন্য উযু করবে, হাঃ ১২৬, ১২৭, ইমাম তিরমিযী বলেন, বর্ণনাকারী শারীক হাদীসটি একাই আবূ ইয়াকযানের কাছ থেকে বর্ণনা করেছেন। আমি ইমাম বুখারীকে এ হাদীস সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি ‘আদীর দাদার নাম বলতে পারেননি। আমি তাঁর কাছে ইয়াহইয়া ইবনু মাঈনের কথা উল্লেখ করলাম যে, তিনি ‘আদীর দাদার নাম দীনার বলেছেন, কিন্তু বুখারী তা নির্ভরযোগ্য মনে করলেন না), আহমাদ শাকির বলেনঃ আবূ ইয়াকযানের নাম হলো ‘উসমান ইবনু ‘উমাইর। তিনি খুবই দুর্বল। আবূ হাতিম বলেন, তিনি হাদীসে দুর্বল, মুনকারুল হাদীস। শু‘বাহ তাকে পছন্দ করতেন না। আর তার দাদা ‘আদী ইবনু সাবিততে চেনা যায়নি। হাফিয ‘আত-তাক্বরীব’ গ্রন্থে বলেন, ‘উসমান ইবনু ইয়াযীদ আবূ ইয়াকযান দুর্বল, তিনি সংমিশ্রণ ও তাদলীস করতেন। হাদীসটি আরো বর্ণনা করেছেন ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ৬২৫)। তবে হাদীসটি সহীহ। এর বহু শাহিদ বর্ণনা আছে। যা পূর্বে গত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আদী ইবন সাবিত (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57615

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন